

পরিচর্যা প্রদানের দায়িত্ব সহ কর্মীদের জন্য সুবক্ষা

4 মে, 2016 থেকে শুরু করে, আপনার সন্তান থাকার কারণে অথবা আপনি অসুস্থ বা অক্ষমতায়ুক্ত কোনো আত্মীয়ের পরিচর্যা করার কারণে চাকরিতে আপনার সাথে আলাদাভাবে আচরণ করা যাবে না। এই নতুন ব্যবস্থার অধীনে আপনার বিরুদ্ধে বৈষম্য করা যায় না, যদি

- আপনি 18 বছরের কম বয়সী একটি সন্তানের মা-বাবা হন, দত্তক নেওয়া বা পালনপোষণ করা সন্তানরাও এর অন্তর্ভুক্ত, এবং সেই সন্তানের জন্য প্রত্যক্ষ এবং চলতি পরিচর্যা দেন,

অথবা

- আপনি অক্ষমতা আছে এমন একজন মা-বাবা, ভাইবোন, স্বামী বা স্ত্রী, সন্তান (যে কোনো বয়সের), দাদু বা দিদিমা, বা নাতি বা নাতনী অথবা আপনার সঙ্গে বসবাসকারী অক্ষমতায়ুক্ত কোনো ব্যক্তিকে প্রত্যক্ষ ও চলতি পরিচর্যা দেন, এবং সেই ব্যক্তি চিকিৎসা পরিচর্যার জন্য বা তাদের দৈনন্দিন জীবনযাপনের প্রয়োজনগুলি মেটানোর জন্য আপনার ওপরে নির্ভর করেন।

আপনার এই পরিচর্যা দেওয়ার দায়িত্বগুলি থাকার কারণে আপনার বিরুদ্ধে চাকরিতে বৈষম্য করা যাবে না

পরিচর্যাকারীর বিরুদ্ধে বৈষম্য কী?

যখন পরিচর্যাকারীর অবস্থার ভিত্তিতে নিয়োগের সিদ্ধান্তগুলি নেওয়া হয় তখন পরিচর্যাকারীর বিরুদ্ধে বৈষম্য ঘটে, যার অন্তর্ভুক্ত হল নিম্নলিখিত কারণে কাউকে নিয়োগ বা পদোন্নতি দেওয়ার সিদ্ধান্ত, তবে এতেই সীমিত নয়, উদাহরণ স্বরূপ:

- তাঁর বাড়িতে সন্তান আছে
- তাঁর বাড়িতে অসুস্থ স্বামী বা স্ত্রী আছে;
- তিনি একজন মা বা বাবা যিনি সন্তান দত্তক নিয়েছেন বা সন্তানের পালনপোষণ করেন;
- তিনি একাকী মা বা বাবা;
- সন্তান আছে এমন কেউ অথবা অক্ষম কোনো আত্মীয়ের পরিচর্যা করেন এমন কেউ নির্ভরযোগ্য কর্মী হতে পারবেন না, এই বিশ্বাসের ভিত্তিতে;
- মায়েদের উচিত তাদের সন্তানের সাথে বাড়িতে থাকা, এই বিশ্বাসের ভিত্তিতে।

কারা সুবক্ষিত?

আপনি যদি চারজন বা তার বেশি কর্মী আছে এমন একজন নিয়োগকর্তা বা নিয়োগকারী সংস্থার হয়ে কাজ করেন বা কাজ করার আবেদন করেন, তাহলে আপনি সুবক্ষিত। আপনি যদি পূর্ণ সময় বা আংশিক সময়ের জন্য কাজ করেন, বা আপনি যদি একজন শিক্ষানবিশ হন, তাহলে আপনি সুবক্ষিত। আপনার অভিবাসনের অবস্থা যাই হোক না কেন, আপনি সুবক্ষিত। আপনি যদি কোনো নিয়োগকর্তার জন্য স্বাধীন কন্ট্রাক্টর হিসেবে কাজ করেন তাহলেও আপনি সম্ভবত সুবক্ষিত।

কী কী নিষিদ্ধ?

- একজন নিয়োগকর্তা আপনার পরিচর্যা প্রদানের দায়িত্বগুলির কারণে আপনাকে নিয়োগ করতে অস্বীকার করা, বরখাস্ত করা, বা নিয়োগের নিয়ম, শর্ত, বা বিশেষ অধিকারগুলির ক্ষেত্রে আপনার বিরুদ্ধে অন্য কোনোভাবে বৈষম্য করতে পারেন না।

- একজন নিয়োগকর্তা কিছু কর্মীকে নমনীয় কাজের সময়ের মত যে সব সুনির্দিষ্ট সুবিধা দেন, পরিচর্যা দেওয়ার দায়িত্বগুলির কারণে অন্য কর্মীরা এগুলির জন্য অনুরোধ করলে তাদেরকে সেই একই সুবিধাগুলি দিতে অস্বীকার করতে পারেন না।
- নিয়োগকর্তারা পরিবারের যত্ন নেওয়ার ক্ষেত্রে আবেদনকারীদের ভূমিকার ভিত্তিতে কাদের নিয়োগ করবেন তার কোনো সীমাবদ্ধতার কথা উল্লেখ করে কোনো বিজ্ঞাপন বা চাকরির পোস্টিং প্রকাশ করতে পারেন না।

কী কী নিষিদ্ধ নয়?

- নিয়োগকর্তারা কর্মীদের পরিচর্যা প্রদানের দায়িত্বগুলির কারণে তাদেরকে বাসস্থান দিতে বাধ্য নন। উদাহরণস্বরূপ, কোনো কর্মীর পরিচর্যা দেওয়ার দায়িত্ব আছে শুধুমাত্র এই কারণেই নিয়োগকর্তারা কোনো কর্মীর শিফট পরিবর্তন করতে অথবা তাদেরকে কাজ থেকে তাড়াতাড়ি চলে যাওয়ার অনুমতি দিতে বাধ্য নন। তবে পরিচর্যা প্রদানের দায়িত্বযুক্ত কর্মীদেরকে নিয়োগকর্তারা এই সুবিধাগুলি দিতে অস্বীকার করতে পারেন না, যদি তারা অন্য কর্মীদের এই একই সুবিধাগুলি দেন।

আমি যদি বিশ্বাস করি যে একজন নিয়োগকর্তা এখানে বর্ণনা করা নিয়মগুলি অনুসরণ করেন নি তাহলে আমার কী করা উচিত

212-416-0197 এ ফোন করুন এবং মানবাধিকার সংক্রান্ত কমিশনকে চান। আপনি পরিচয় গোপন রেখে ইঙ্গিতকারী তথ্য দিতে পারেন অথবা আপনার সাথে যা ঘটেছে সেই ব্যাপারে একটি অভিযোগ দায়ের করতে পারেন। যদি দেখা যায় যে নিয়োগকর্তা আইন ভেঙেছেন, সেই ক্ষেত্রে আপনি না পাওয়া বেতন বা অন্যান্য ক্ষতি উদ্ধার করতে পারেন এবং নিয়োগকর্তাকে জরিমানা দিতে হতে পারে।